

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

নং-৫৮.০২.০০০০.০০৬.০৫.০০৫.২১-৯১৪

০৭ চৈত্র, ১৪৩০
তারিখঃ -----
২১ মার্চ, ২০২৪


বিষয়: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর ২০২৩-২০২৪ অর্থ বছরের এপিএ-তে অন্তর্ভুক্ত নিম্নবর্ণিত কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে ১০০% অর্জন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সুরক্ষা সেবা বিভাগের সাথে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০২৩-২০২৪ অর্থ বছরের এপিএ চুক্তিতে নিম্নবর্ণিত কর্মসম্পাদন সূচক ১.২.৫ এবং ১.২.৬ এর লক্ষ্যমাত্রা এবং জুলাই/২০২৩-ফেব্রুয়ারি/২০২৪ পর্যন্ত অর্জন নিম্নরূপ:

কার্যক্রম	লক্ষ্যমাত্রা	অর্জন (জুলাই/২০২৩-ফেব্রুয়ারি/২০২৪ পর্যন্ত)
(১.২.৫) মাদক বিষয়ে ১টি গবেষণা কার্যক্রম পরিচালনা।	০৬/০৬/২০২৪	০%
(১.২.৬) ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্পের ভৌত কার্যক্রম বাস্তবায়ন।	১০% (জুলাই/২০২৩-জুন/২০২৪)	৩%

২। উল্লেখ্য, বর্ণিত দু'টি কার্যক্রমের লক্ষ্যমাত্রা অনুযায়ী ফেব্রুয়ারি/২০২৪ পর্যন্ত অর্জন সন্তোষজনক নয় মর্মে পরিলক্ষিত হয়। বিধায় নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণপূর্বক ১০০% অর্জন সম্পন্ন করতে হবে। সূচক অর্জনে ব্যর্থ হলে অধিদপ্তর তথা সুরক্ষা সেবা বিভাগের এপিএ কার্যক্রমের ওপর প্রতিফলিত হবে।

৩। এমতাবস্থায়, লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে উল্লিখিত কর্মসম্পাদন সূচক ০২টির কার্যক্রম ১০০% অর্জনের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। পাশাপাশি উল্লিখিত সূচকসহ এপিএ কার্যক্রমের সকল সূচকের প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ ও নির্ধারিত সময়ের মধ্যে প্রশাসন শাখায় প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।


(মুহাম্মদ মঈনুল ইসলাম)
পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)

বিতরণ:

- ১। প্রকল্প পরিচালক, ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ৪৪১, তেজগাঁও শি/এ, ঢাকা।
- ২। উপপরিচালক (নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি / প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) ও সাবেক প্রকল্প পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। উপপরিচালক (ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। সহকারী পরিচালক (নিরোধ শিক্ষা/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। অফিস কপি।